রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ১২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/ ৮ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.৯২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**জাতীয় পল্লী উন্নয়ন স্টিয়ারিং কমিটি**' নিম্নরূপে পুনর্গঠন করেছে:

২। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১) | উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সভাপতি |
| ২) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| ৩) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | : | সদস্য |
| ৪) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫) | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬) | সচিব, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| ৭) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ৮) | সচিব, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ৯) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ১০) | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| ১১) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১২) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| ১৩) | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৪) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৫) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৬) | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | : | সদস্য |
| ১৭) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৮) | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো | : | সদস্য |
| ১৯) | নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা | : | সদস্য |
| ২০) | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | : | সদস্য |
| ২১) | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা | : | সদস্য |
| ২২) | মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া<br>[পল্লী উন্নয়ন বিষয়ক গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি] | : | সদস্য |
| ২৩) | পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা<br>[পল্লী উন্নয়ন বিষয়ক গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি] | : | সদস্য |
| ২৪) | জনাব মহসিন আলী, এক্সিকিউটিভ ডিরেক্টর, ওয়েভ ফাউন্ডেশন, বাড়ি-২২/১৩ বি, ব্লক- বি, খিলজি রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭<br>[এনজিও প্রতিনিধি (পুরুষ)] | : | সদস্য |
| ২৫) | জনাব রুনা খান, ফাউন্ডার এ্যান্ড এক্সিকিউটিভ ডিরেক্টর, ফ্রেন্ডশিপ, ক-১৪/২এ, বারিধারা নর্থ রোড (কালাচাঁদপুর), ঢাকা-১২১২<br>[এনজিও প্রতিনিধি (মহিলা)] | : | সদস্য। |

২.১। এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

২.২। **কমিটির কার্যপরিধি :**

১) পল্লী উন্নয়ন নীতির যথাযথ বাস্তবায়নে জাতীয় কাউন্সিলকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান;

২) ‘জাতীয় পল্লী উন্নয়ন কাউন্সিল’ কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ:

৩) পল্লী উন্নয়ন নীতির যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

৪) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে বিভিন্ন মন্ত্রণালয়ের কাজের সমন্বয় সাধন এবং কাজের দ্বৈততা পরিহারের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

৫) জাতীয় কাউন্সিলে উপস্থাপনের জন্য বিষয়/এজেন্ডা নির্বাচন; এবং

৬) পল্লী উন্নয়ন বিষয়ক বিবিধ বিষয়াবলি।

২.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২.৪। কমিটির সভা বছরে অন্তত ২ (দুই) বার অনুষ্ঠিত হবে।

২.৫। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২.৬। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬. ০০১.২৪.৭০ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ খালেদ রহীম)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd